
# জাপা কার্যালয়ের সামনে সংঘর্ষ, গণ অধিকার পরিষদের নুরুল হক নুর আহত



সংগৃহীত ছবি

জাতীয় পার্টির (জাপা) কার্যালয়ের সামনে পুলিশের সঙ্গে গণ অধিকার পরিষদের নেতাকর্মীদের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এই সংঘর্ষে গণ অধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুর মারাত্মকভাবে আহত হয়েছেন। আহত অবস্থায় তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান তার দলের নেতাকর্মীরা।

প্রত্যক্ষদর্শীরা জানান, শুক্রবার রাত সোয়া ৮টার দিকে দ্বিতীয় দফায় গণ অধিকার পরিষদের নেতারা জাপা কার্যালয়ের সামনে জড়ো হলে এই সংঘর্ষের সূত্রপাত হয়। এ সময় জাতীয় পার্টির নেতাকর্মীদের সঙ্গে তাদের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া শুরু হয়।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ঘটনাস্থলে সেনাবাহিনী আসে এবং জাপা নেতাকর্মীদের সেখান থেকে সরিয়ে দেয়। এরপর আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনী গণ অধিকার পরিষদের নেতাদের ঘটনাস্থল ত্যাগ করার জন্য ১০ মিনিট সময় বেঁধে দেয়। নির্দিষ্ট সময়ের মধ্যে তারা স্থান ত্যাগ না করায় ব্যাপক লাঠিচার্জ করা হয়।

এই লাঠিচার্জে গণ অধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরসহ বেশ কয়েকজন আহত হয়েছেন বলে জানা গেছে।

LENS ASIA